


যুগান্তর

ঢাবির ‘ঘ’ ইউনিটে উত্তীর্ণ ১৩.২৬ শতাংশ

প্রকাশ : ৩০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ঢাবি প্রতিনিধি

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত ‘ঘ’ ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় ১৩.২৬ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ২৭ সেপ্টেম্বর এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

‘ঘ’ ইউনিটের আসন সংখ্যা ১৫৬০টি। ভর্তি পরীক্ষায় অংশ নেন ৮৪ হাজার ১৭৭ জন শিক্ষার্থী। এর মধ্যে ১১ হাজার ১৫৮ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। বিস্তারিত ফল admission.eis.du.ac.bd এই ওয়েবসাইট থেকে জানা যাবে। এছাড়া যে কোনো অপারেটরের মোবাইল ফোন থেকে DU GHA টাইপ করে ১৬৩২১ নম্বরে পাঠিয়ে ফিরতি এসএমএসে ফল জানা যাবে।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ৩১ অক্টোবর থেকে ১৪ নভেম্বরের মধ্যে ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ শিক্ষার্থীদের কোটার ফরম ৩ নভেম্বর থেকে ১২ নভেম্বরের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে ওই সময়ের মধ্যে ডিন অফিসে জমা দিতে হবে। ফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ৩০ অক্টোবর থেকে ৬ নভেম্বরের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে। ফল প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও ‘ঘ’ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. সাদেকা হালিম, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক-কর্মকর্তারা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।